

শিক্ষার্থীদের দাবি পূরণে ১৪ দিন সময় চেয়েছে বুয়েট প্রশাসন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

১৯ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৯ নভেম্বর ২০১৯ ০০:৩০



আমাদের সময়

আবরার ফাহাদ হত্যামামলার চার্জশিটভুক্ত আসামিদের বিশ্ববিদ্যালয় থেকে স্থায়ী বহিষ্কারসহ শিক্ষার্থীদের তিন দফা দাবিপূরণে ১৪ দিন সময় চেয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) প্রশাসন। গতকাল সোমবার দুপুরে শিক্ষার্থীরা উপাচার্য অধ্যাপক ড. মো. সাইফুল ইসলামের সঙ্গে আলোচনায় বসলে বিশ্ববিদ্যালয় প্রশাসন এ সময় চায়। আলোচনায় বুয়েট ছাত্রকল্যাণ দপ্তরের পরিচালক অধ্যাপক মিজানুর রহমানসহ বিভিন্ন অনুষদের ডিন ও শিক্ষকরাও উপস্থিত ছিলেন। আলোচনা শেষে দুপুর ২টার দিকে শিক্ষার্থীরা সংবাদ সম্মেলন করেন। এতে শিক্ষার্থীদের পক্ষে কথা বলেন বুয়েটের আরবান অ্যান্ড রিজিওনাল বিভাগের শিক্ষার্থী শীর্ষ সংশ্লিষ্ট। তিনি জানান, উপাচার্য প্রথমে তিন সপ্তাহ সময় চান দাবিগুলো বিবেচনার জন্য। পরে সেখানে উপস্থিত ডিনরা বলেছেন দুই সপ্তাহের মধ্যে তারা সিদ্ধান্ত নিতে পারবেন। আমরা প্রশাসনের দেওয়া প্রস্তাব মেনে নিয়েছি। তারা যদি দুই সপ্তাহের মধ্যে আমাদের দাবিগুলো পূরণ করতে পারে, তা হলে আমরা আসন্ন টার্ম পরীক্ষা দেব। দাবি পূরণ না হওয়া পর্যন্ত আমরা অ্যাকাডেমিক কার্যক্রমে অংশ নেব না। আন্দোলনকারীদের তিনটি দাবি হলো- চার্জশিটের ভিত্তিতে আবরার ফাহাদ

হত্যায় অভিযুক্তদের স্থায়ী বহিষ্কারের পর আহছানউল্লাহ, তিতুমীর এবং সোহরাওয়ার্দী হলের র্যাগিংয়ের ঘটনায় advertisement

অভিযুক্তদের শাস্তি বাস্তবায়ন, সাংগঠনিক ছাত্ররাজনীতি এবং র্যাগিংয়ের বিভিন্ন ক্যাটাগরির শাস্তির নীতিমালা প্রস্তুত করে

সাধারণ ছাত্রদের নিয়ে প্রশাসনের আলোচনা এবং এর ভিত্তিতে বুয়েট অ্যাকাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট থেকে অনুমোদিত হয়ে প্রস্তাবিত অ্যাকাডেমিক কার্যক্রম রাষ্ট্রপতির কাছে পাঠানোর ব্যবস্থা করা। অর্থাৎ রাষ্ট্রপতির কাছে প্রস্তাবিত নীতিমালা পাঠানোর আগ পর্যন্ত বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে যা যা করা প্রয়োজন, তার সবকিছু নিশ্চিত করতে হবে।

বুয়েটের ছাত্রকল্যাণ পরিষদের পরিচালক মিজানুর রহমান জানান, দুপুরে উপাচার্যের কার্যালয়ে শিক্ষার্থীদের সঙ্গে আমাদের কথা হয়েছে। আমরা তাদের বলেছি দাবিগুলো বাস্তবায়নে তিন সপ্তাহের মতো সময় লাগতে পারে। তবে আমরা দুই সপ্তাহের মধ্যে এগুলো পূরণের চেষ্টা করব। ভিসি স্যার তাদের এ আশ্বাস দিয়েছেন।